



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/3/2024

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল গতিসীমা লঙ্ঘনের বিরুদ্ধে স্টেট পুলিশের অভিযান ঘোষণা করলেন

*"স্পিড উইক" আইন প্রয়োগ ক্যাম্পেইনটি 3 জুন থেকে 9 জুন পর্যন্ত চলবে*

*গতিসীমা লঙ্ঘন হলো নিউ ইয়র্ক স্টেটে প্রতি বছর প্রাণঘাতী সংঘর্ষের শীর্ষ কারণ*

*ট্রুপারগণ ওয়ার্ক জোনে টহল অব্যাহত রাখবে এবং 'মুভ ওভার আইন' লঙ্ঘনকারীদের বিরুদ্ধে লক্ষ্য স্থির করবে*

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্ক স্টেট পুলিশ (New York State Police) একটি বিশেষ সপ্তাহব্যাপী ট্র্যাফিক আইন প্রয়োগ উদ্যোগ চলাকালে গতিসীমা লঙ্ঘনকারী এবং আগ্রাসী চালকদের বিরুদ্ধে লক্ষ্য স্থির করবে। এই বছরের "স্পিড উইক" আইন প্রয়োগ অভিযান শুরু হবে 3 জুন, 2024, সোমবার এবং তা 9 জুন, 2024, রবিবার পর্যন্ত চলবে। এই আইন প্রয়োগ প্রয়াসের অংশ হিসেবে স্টেটের পুলিশ অতিরিক্ত টহল মোতায়েন করবে এবং সক্রিয়ভাবে হাইওয়ের ওয়ার্ক জোন পর্যবেক্ষণ করা অব্যাহত রাখবে এবং নিউ ইয়র্কের "মুভ ওভার" আইন লঙ্ঘন করা চালকদের বিরুদ্ধে লক্ষ্য স্থির করবে।

"গতিসীমা লঙ্ঘনকারী এবং বেপরোয়াভাবে গাড়ি চালানো রাস্তার সকলকে ঝুঁকিগ্রস্ত করে এবং এটি এখনো নিউ ইয়র্ক স্টেটে প্রতি বছরের প্রাণঘাতী সংঘর্ষের শীর্ষ কারণ," **গভর্নর হোকল বলেন।** "অনুগ্রহ করে আপনার দায়িত্ব পালন করুন, নিরাপত্তাকে শীর্ষ অগ্রাধিকার করুন, গতিসীমা মান্য করুন, গাড়ি চালানোর সময় আপনার ফোন রেখে দিন, এবং রাস্তার পাশে জরুরি বা হাইওয়ে কর্মী দেখলে সরে যান।"

**নিউ ইয়র্ক স্টেট পুলিশের ভারপ্রাপ্ত সুপারিন্টেন্ডেন্ট স্টিভেন জি জেমস বলেন,** "এই ক্যাম্পেইন এবং আমাদের সারা বছরের ট্র্যাফিক আইন প্রয়োগ প্রয়াসের লক্ষ্য হলো গতিসীমা সম্পর্কিত সংঘর্ষ হ্রাস করা এবং নিউ ইয়র্কের রাস্তায় চালক ও যাত্রীদের জন্য যাত্রার নিরাপত্তা উন্নত করা। এই ট্র্যাফিক আইন প্রয়োগ সময় চলাকালে এবং গ্রীষ্মকালে গাড়ি চালানোর ব্যস্ত সময়জুড়ে স্টেট ট্রুপারগণ অনেক বেশি দৃশ্যমান থাকবে, তারা বেপরোয়াভাবে গাড়ি চালিয়ে অন্যদের বিপদগ্রস্ত করা ব্যক্তিদের বিরুদ্ধে লক্ষ্য স্থির করবে।"

নিউ ইয়র্ক স্টেটের সকল প্রাণঘাতী সংঘর্ষের মধ্যে প্রায় এক তৃতীয়াংশের অন্যতম কারণ হিসেবে গতিসীমা লঙ্ঘনকে তালিকাভুক্ত করা হয়েছে। অ্যালবানি ইউনিভার্সিটির (University at Albany)

ট্র্যাফিক নিরাপত্তা ব্যবস্থাপনা ও গবেষণা ইনস্টিটিউট (Institute for Traffic Safety Management and Research (ITSMR) অনুযায়ী, 2022 সালে নিউ ইয়র্ক স্টেটে গতিসীমা সম্পর্কিত সংঘর্ষে 345 জন মারা গেছে এবং 11,963 জন আহত হয়েছে।

এই "স্পিড উইক" আইন প্রয়োগ সময় চলাকালে, ট্রুপারগণ চিহ্নিত স্টেট পুলিশ এর কর্মকাণ্ডের অংশ হিসেবে যানবাহন এবং পরিচয় গোপনকারী ট্র্যাফিক আইন প্রয়োগকারী (Concealed Identity Traffic Enforcement, CITE) যানবাহন উভয়ই ব্যবহার করবে। CITE যানবাহনগুলি ট্রুপারদেরকে আরো সহজে গাড়ি চালানোর সময় আইন লঙ্ঘনকারী মোটরচালকদের সনাক্ত করতে দেয়। এই যানবাহনগুলি নিত্যদিনের ট্র্যাফিকের সাথে মিশে যায় কিন্তু জরুরি বাতি সক্রিয় করে দিলে এদেরকে তাৎক্ষণিকভাবে এবং নির্ভুলভাবে জরুরি যানবাহন হিসেবে চেনা যায়।

সারা বছরের স্বাভাবিক আইন প্রয়োগের পাশাপাশি, সকল ধরনের যানবাহনের জন্য গতিসীমা লঙ্ঘন করা, এবং সেই সাথে ট্র্যাফিক লঙ্ঘন করার বিরুদ্ধে পুরো সপ্তাহ ধরে কঠিনভাবে আইন প্রয়োগ করা হবে। এছাড়াও ট্রুপারগণ অন্যান্য ট্র্যাফিক আইন লঙ্ঘনের দিকে নজর রাখবে যেমন অমনোযোগী বা অসংযত অবস্থায় গাড়ি চালানো, ঠিকভাবে বেল্ট না বাঁধা যানবাহনের যাত্রী, এবং নিউ ইয়র্কের মুভ ওভার আইন লঙ্ঘন করা চালক।

2023 সালের জুন মাসের স্পিড উইকের সময় স্টেটের ট্রুপারগণ মোট 20,952টি ট্র্যাফিক টিকেট প্রদান করেছে, যার মধ্যে গতিসীমা লঙ্ঘন করার জন্য 10,478টি, অমনোযোগী অবস্থায় গাড়ি চালানোর জন্য 516টি, মুভ ওভার আইন লঙ্ঘনের জন্য 375টি টিকেট রয়েছে, এবং মদ্যপ এবং অসংযত অবস্থায় গাড়ি চালানোর জন্য 172 জনকে গ্রেফতার করেছে।

নিউ ইয়র্ক স্টেটে গতিসীমা লঙ্ঘনের জন্য প্রথমবার দোষী সাব্যস্ত হলে তার জরিমানা হলো গতিসীমা থেকে ঘণ্টায় 10 মাইল বেশি গতিতে গাড়ি চালানোর জন্য 45 মার্কিন ডলার থেকে শুরু করে গতিসীমা থেকে ঘণ্টায় 30 মাইল বেশি গতিতে গাড়ি চালানোর জন্য 600 মার্কিন ডলার পর্যন্ত।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418  
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: [ny.gov/signup](http://ny.gov/signup) | NEW YORK লিখে 81336 নম্বরে  
টেক্সট পাঠান

[আনসাবস্কাইব করুন](#)